মুজিবনগরে জাতীয় এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন

মুজিবনগরে এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় হল রুমে এই ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামানের সভাপতিত্বে ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা: আহসান হাবিব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: খন্দকার সানজিদা আক্তারসহ উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

এইচপিভি টিকাদান ক্যাম্পেইনে উপজেলার ৪টি ইউনিয়নের প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা, কারিগরি, কিন্ডারগার্ডেনসহ ৭৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০ থেকে ১৪ বছর বয়সী ৪,৭৩০ জন শিক্ষার্থীকে এই টিকা প্রদান করা হবে।